

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১২.২২.৮৪১

তারিখ: ২২ আষাঢ় ১৪৩০

০৬ জুলাই ২০২৩

বিষয়: রাজশাহী বিভাগে সংগ্রহের স্বার্থে খালি জায়গা সৃষ্টির নিমিত্তে ডিআরটিসির মাধ্যমে মোট ৪০৮০ মে.টন বোরো'২৩ সিদ্ধ চালের চলাচল সূচি জারির পূর্বানুমোদন প্রদান

সূত্র: আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহীর ০৫-০৭-২০২৩ খ্রি. এর ১৩.০১.০০০০.২৪৫.৩২.০০৩.২৩-৩৪৭ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বোরো'২৩ সংগ্রহ মৌসুমে ধান ও চাল সংগ্রহ কার্যক্রম সফল করার লক্ষ্যে গুদামে খালি জায়গা সৃষ্টির নিমিত্ত নওগাঁ ও চাঁপাইনবাবগঞ্জ জেলার এলএসডিসমূহে সদ্য সংগৃহীত মোট ৪০৮০ মে.টন বোরো'২৩ সিদ্ধচাল পাবনা জেলার এলএসডি/সিএসডিসমূহে আপতকালীন মজুত গড়ে তোলার লক্ষ্যে ডিআরটিসির মাধ্যমে সূচি জারির পূর্বানুমোদন প্রদানের জন্য আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী কর্তৃক সূত্রস্থ স্মারকে অনুরোধ করা হয়েছে।

এমতাবস্থায়, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী প্রস্তাবমতে বোরো'২৩ সংগ্রহ মৌসুমে ধান ও চাল সংগ্রহ কার্যক্রম সফল করার লক্ষ্যে গুদামে খালি জায়গা সৃষ্টির নিমিত্ত নওগাঁ জেলার মহাদেবপুর এলএসডি এবং চাঁপাইনবাবগঞ্জ জেলার চাঁপাইনবাবগঞ্জ এলএসডি ও আমনুরা এলএসডি হতে পাবনা জেলার এলএসডি/সিএসডিসমূহে মোট ৪০৮০ মে.টন সদ্য সংগৃহীত বোরো'২৩ সিদ্ধচাল আপতকালীন মজুত গড়ে তোলার লক্ষ্যে ডিআরটিসির মাধ্যমে সূচি জারির প্রস্তাবের অনুমোদন নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের শর্তে নির্দেশক্রমে প্রদান করা হলো:

সারণি-১ : রাজশাহী বিভাগে বোরো'২৩ সিদ্ধ চালের চলাচল সূচির অনুমোদন

ক্র. নং	প্রেরক জেলা	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	নওগাঁ	মহাদেবপুর এলএসডি	পাবনা	চাটমোহর এলএসডি	৯৬০	বোরো'২৩ সিদ্ধ চাল	সড়ক পথ	
২.	চাঁপাইনবাবগঞ্জ	চাঁপাইনবাবগঞ্জ এলএসডি	ঐ	নুরপুর এলএসডি	১০৮০	ঐ	ঐ	
৩.	ঐ	ঐ	ঐ	পাবনা এলএসডি	১০২০	ঐ	ঐ	
৪.	ঐ	আমনুরা এলএসডি	ঐ	মুলাডুলি সিএসডি	১০২০	ঐ	ঐ	
				মোট =	৪০৮০			

নির্দেশনাসমূহ:

(১) খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচল সূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮ অনুসরণপূর্বক উক্ত সূচি বাস্তবায়ন করতে হবে;

(২) পূর্বানুমোদনের আওতায় চালের খামাল গঠন হওয়ার পর তদারককারী কর্মকর্তা কর্তৃক এলএসডি'র মজুত যাচাই ও কারিগরি খাদ্য পরিদর্শক কর্তৃক খামাল সার্ভেপূর্বক বিনির্দেশ সম্পন্ন বিশ্লেষণ প্রতিবেদন জারির পর পর্যায়ক্রমে সূচি জারি করতে হবে;

(৩) 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর মহোদয় স্বাক্ষরিত ১১-০৫-২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন এবং 'এলএসডি'র/সিএসডি'র সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত নির্দেশনা' বিষয়ক ১৮-০৪-২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৩৫৪ নং স্মারক, ২৯-১১-২০২১ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.১২২৪ নং স্মারক, ২২-০৫-২০২২ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৪৭৮ নং স্মারক, ২১-১২-২০২২ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.১৪৬৫ স্মারক ও ০২-০৫-২০২৩ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.৫২৭ স্মারকের পত্রসমূহ কঠোরভাবে অনুসরণ করতে হবে;

(৪) এছাড়া ০৯-০৫-২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৭.০০২.০৯.৯৯৮ নং স্মারকে অভ্যন্তরীণ খাদ্যশস্য নীতিমালা, ২০১৭ এর ১৩(গ) অনুচ্ছেদ এবং খাদ্য অধিদপ্তরের উল্লিখিত স্মারকের নির্দেশনা অনুযায়ী সকল খাদ্য গুদামে চুক্তিবদ্ধ মিলার কর্তৃক সরবরাহতব্য চালের বস্তার অপর পীঠে ডিজিটাল স্কেপিলের স্পষ্ট ছাপ দেওয়ার যথাযথ প্রক্রিয়া অনুসরণ করতে হবে;

(৫) এই পূর্বানুমোদনের আওতায় জারিকৃত সূচি মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮-০৬-২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে জারি করতে হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



৬-৭-২০২৩

মোঃ ফজলে রাব্বী হায়দার

উপপরিচালক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১২.২২.৮৪১/১(৫)

তারিখ: ২২ আষাঢ়. ১৪৩০

০৬ জুলাই ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর

২) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর

৩) পরিচালক (ভারপ্রাপ্ত), সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর

৪) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)

৫) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)



৬-৭-২০২৩

মোঃ ফজলে রাব্বী হায়দার

উপপরিচালক